

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭২৪ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ পিতা-মাতার সাথে সদ্যবহার

আরবী

وَعَن أَبِي بَكْرَةَ نُفَيعِ بِنِ الحَارِثِ قَالَ: قَالَ رَسُولُ اللهِ ﷺ أَلا أُنْبِّنُكُمْ بِأَكْبَرِ الكَبَائِرِ؟ ثلاثاً قُلْنَا: بَلَى، يَا رَسُولَ اللهِ، قَالَ الإِشْرَاكُ بِالله وَعُقُوقُ الوَالِدَيْنِ وكان مُتَّكِئاً فَجَلَسَ فَقَالَ قُلْنَا: بَلَى، يَا رَسُولَ اللهِ، قَالَ الإِشْرَاكُ بِالله وَعُقُوقُ الوَالِدَيْنِ وكان مُتَّكِئاً فَجَلَسَ فَقَالَ أَلاَ وَقَوْلُ الزُّورِ وَشَهَادَةُ الزُّورِ فَمَا زَالَ يُكَرِّرُهَا حَتَّى قُلْنَا: لَيْتَهُ سَكَتَ مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(১৭২৪) আবূ বকরাহ নুফাই ইবনে হারেস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, (একদিন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তিনবার বললেন, ''আমি কি তোমাদেরকে সবচেয়ে বড় কাবীরাহ গোনাহগুলো সম্পর্কে জ্ঞাত করবো না?'' সবাই বললেন, 'অবশ্যই হে আল্লাহর রসূল!' তিনি বললেন, ''(সেগুলো হচ্ছে) আল্লাহর সাথে শির্ক করা এবং পিতা-মাতার অবাধ্য হওয়া।'' এতক্ষণ তিনি হেলান দিয়ে বসেছিলেন, এবার সোজা হয়ে বসে বললেন, ''শুনে রাখ, আর মিথ্যা বলা এবং মিথ্যা সাক্ষ্য দেওয়া।'' এ কথাটি তিনি পুনঃ পুনঃ বলতে থাকলেন। এমনকি আমরা বলতে লাগলাম, 'এবার যদি তিনি চুপ হতেন!'

ফুটনোট

(বুখারী ২৬৫৪, ৫৯৭৬, মুসলিম ২৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন